



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

টেলিফোন নং- অফিস ০৪৪১-৬২২২০, মোবাইল-০১৭৬১৪০০০৬৬, E-mail- gmppbs@hotmail.com, web:patuakhalipbs.org

স্মারক নং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০৭.০২১.১৯. ২৭৮০

তারিখ: ১০ আশ্বিন/১৪২৬ বঙ্গাব্দ।
২৫/০৯/২০১৯ খ্রিষ্টাব্দ।

মেসার্স-----

বিষয়: মিনি ঠিকাদারী (লাইন নির্মাণ) প্রতিষ্ঠানে কর্মরত জনবল প্রশিক্ষণ প্রদান প্রসংগে।

সূত্র : বাপবিবো স্মারক নং- ২৭.১২.০০০০.০২৯.৭২.৮৫২.১৯.২৪৭ তারিখ: ২৫.০৮.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ষাণ্মাষিক প্রশিক্ষণ কর্মসূচীর অংশ হিসেবে পটুয়াখালী পবিস-এ মিনি ঠিকাদারী (লাইন নির্মাণ) প্রতিষ্ঠানে কর্মরত জনবল প্রশিক্ষণ প্রদানের জন্য বাপবিবোবোর্ডের যথযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন লাভ করেছে। উক্ত কোর্সটি পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে অক্টোবর'২০১৯ইং মাসের তৃতীয় সপ্তাহে অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা হচ্ছে।

- (ক) উক্ত কোর্সে ০১ জন সুপারভাইজার ও নূন্যতম ০১ জন লাইনম্যান অংশগ্রহণ করতে পারবেন।
 - ০১। সুপারভাইজার হিসেবে প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য নূন্যতম যোগ্যতা এসএসসি/সমমান পাশ হতে হবে।
 - ০২। লাইনম্যান হিসেবে প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য নূন্যতম যোগ্যতা অষ্টম শ্রেণী/জেএসসি/সমমান পাশ হতে হবে।
- (খ) কোন প্রার্থী একবার উক্ত কোর্সে অংশগ্রহণ করে থাকলে পুনরায় অংশগ্রহণের প্রয়োজন নাই।
- (গ) জনপ্রতি কোর্সফি বাবদ ৪০০০.০০(চার হাজার)টাকা নগদ/পে-অর্ডার আকারে অত্র পবিস এর অনুকূলে জমা প্রদান করতে হবে।
- (ঘ) ক্লাইম্বিং কাজে অসমর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।
- (ঙ) প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠানের সন্যাসিকারী কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের তিন কপি এবং স্টাম্প সাইজের এক কপি রঙিন ছবি দরখাস্তের (Trainee Personal Data Form) সাথে জমা প্রদান করতে হবে।
- (চ) প্রশিক্ষণে অংশগ্রহণকারী ঠিকাদার প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।
- (ছ) অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকাভুক্তির অনুমোদনপত্র জমা দিতে হবে।
- (জ) প্রশিক্ষণার্থীকে জন্ম সনদের সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ সংযুক্ত করতে হবে।
- (ঝ) প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দরখাস্তের সংগে জমা দিতে হবে (যদি থাকে)।
- (ঞ) প্রশিক্ষণার্থীর বয়স কোর্স শুরুর তারিখে নূন্যতম ১৮(আঠারো) বৎসর হতে হবে।
- (ট) কার্ঠের ও এসপিসি পোলে আরোহন এবং অনুশীলনের জন্য বুট, জুতা ও ক্লাইম্বার সেটসহ কোর্স শুরুর দিন সকাল ৯:০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষণস্থলে উপস্থিত থাকতে হবে।
- (ঠ) কোন প্রশিক্ষণার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না। তবে এসএসসি অথবা সমমান পরীক্ষায় পাশ এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। সুপারভাইজার হিসেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসেবে প্রাপ্ত সনদ বাপবিবোর্ডে ফেরত দিতে হবে। তথ্য গোপনকারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

